**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)**
**প্রিন্সিপাল শাখা, ৭৪, মতিঝিল বা/এ, ঢাকা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স রাসেল কালার স্টিচ জোন, প্রোপাইটর- আব্দুল মতিন শেখ, পিতা- মৃত আইয়ুব আলী শেখ, মাতা- লাকিয়াচাঁদ বেগম, ঠিকানা- বাড়ী নং- ৬, রানাভোলি মেইন রোড, ওয়ার্ড- ৬, ব্লক- ডি, পোষ্ট অফিস- নিশিত নগর, থানা- তুরাগ, জেলা- ঢাকা এবং স্থায়ী ঠিকানা- ২০/৩ জগিনাথ রোড, পোষ্ট অফিস- লালবাগ, থানা- লালবাগ, জেলা- ঢাকা কর্তৃক ইউসিবি, প্রধান শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/০১/২০২২ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট **৬,০৬,৪৫,৯৩৯.৭২ (ছয় কোটি ছয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার নয়শত উনচল্লিশ দশমিক বাহাত্তর)** টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**<u>বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল</u>**

a) All that Piece and parcel of land measuring 1650 (one thousand six hundred fifty) Ajutangsha or 10 kathas or 16.50 decimals of land along with 3 storied building measuring 4620 sft and tin shed factory building measuring 5500 sft. being C.S & S.A Plot No- 158 (one hundred fifty eight), R.S Plot No. 124 (one hundred twenty four), Present field survey plot no- 2645 (Two thousand six hundred forty five) recorded in C.S Khatian No. 23 (twenty three), S.A Khatian No. 28 (Twenty eight), R.S Khatian No. 16 (Sixteen), present field survey kahtian Nos. 2564 (two thousand five hundred sixty four), 2565 (two thousand five hundred sixty five) & 2566 (two thousand five hundred sixty six), DP Khatian Nos. 329 (three hundred twenty nine), 318 (Three hundred neighteen) & 810 (eight hundred ten), mutation Khatina No- 16/kath, Jote No. $\frac{133}{1}$, of Mouza- Ranavoal, J.O Nos- 202 (sabek), 8 (hal), Dhaka Collectorate Touzi No-9, Under P.S- Uttara, Dist- Dhaka, Which is butted and bounded by: on the north- Muktar Hossain, On the south- M/S Prama Pharmacy, on the east- Road, on the west- mukter Hossain.

b) All that piece and parcel of land measuring 8.50 decimal, along with 06 (six) storied Residential building constructed thereon, situated within District – Dhaka, P.S. – former Uttara at present Turag & Sub – Registry Office: Uttara, Dhaka under Dhaka Collectorate Touzi; J.L. nos.: C.S.: 202, S. A., R. S. & Dhaka City Survey 8, Mouza – Ranavola (mutation khatian No. 31 and mutation Jot/holding No. $\frac{37}{5}$), Pertaining to the Khatian no.: C.S. 37, S.A. 41, R.S.: 31 Dhaka City Survey 424; corresponds to Dag no.: C.S.: & S.A.: 118, R.S. 53 & Dhaka City Survey 2689, which is butted and bounded by: on the North: Mst. Saleha Begum & others. On the south: Abdur Sattar & others. On the East: Abdur Sattar & others, On the west: Road. Together with all common rights, Title, interest, benefits, easement etc.

**<u>নিলামের শর্তাবলী ঃ-</u>**

১। আগামী ২৭/০২/২০২২ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা।**